

ফাইন্যান্সিয়াল স্ট্যাবিলিটি ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

website: www.bb.org.bd

এফএসডি সার্কুলার নং-০১

২৪ সেপ্টেম্বর ২০১২
তারিখ: -----
০৯ আশ্বিন ১৪১৯

প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

Stress Testing Report দাখিল প্রসঙ্গে।

সুস্থ ও টেকসই ব্যাংকিং শিল্প নিশ্চিতকরণ এবং ব্যাংকসমূহকে আরও বেশি অভিঘাত সহনশীলকরণের উদ্দেশ্যে জারিকৃত Revised Guidelines on Stress Testing শীর্ষক ফেব্রুয়ারী ২৩, ২০১১ তারিখের ডিওএস সার্কুলার নং - ০১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

এখন থেকে তফসিলি ব্যাংকসমূহের স্ট্রেস টেস্ট সংক্রান্ত সকল কার্যাবলী ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন এর পরিবর্তে অত্র বিভাগ এর মাধ্যমে সম্পাদিত হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

তফসিলি ব্যাংকসমূহকে এখন থেকে স্ট্রেস টেস্ট সংক্রান্ত বিবরণী প্রতি ত্রৈমাসিকের পরবর্তী মাসের মধ্যে অত্র বিভাগে দাখিল করতে হবে।

এছাড়া, ফেব্রুয়ারী ২৩, ২০১১ তারিখের ডিওএস সার্কুলার নং-০১ এর অন্যান্য নির্দেশনাসমূহ অপরিবর্তিত থাকবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,
স্বা/-
(দেবাশিস্ চক্রবর্তী)
মহাব্যবস্থাপক
ফোন : ৯৫৩০২৭৯